

মামলা করায় ফের উত্তেজনা

বাকুবি পরিস্থিতির কারণে রাষ্ট্রপতির ময়মনসিংহ সফর স্থগিত

ময়মনসিংহ প্রতিনিধি : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ঘটে যাওয়া অনাকাঙ্ক্ষিত সহিংস ঘটনার কারণে রাষ্ট্রপতির ময়মনসিংহ সফর স্থগিত হয়ে গেছে। আগামীকাল রোববার বাকুবি আয়োজিত একটি সেমিনারে যোগ দিতে তার ময়মনসিংহে আসার কথা ছিল।

বাকুবির প্রশাসনিক সূত্র জানায়, রোববার সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে 'বাংলাদেশ দারিদ্র্য বিমোচনে কৃষি গবেষণা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে রাষ্ট্রপতি অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীর উপস্থিতি থাকার কথা ছিল। কিন্তু অনিবার্য কারণে তার এ সফর বাতিল করা হয়েছে বলে সরকারিভাবে জানানো হয়েছে। একটি সূত্র জানিয়েছে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন সংক্রান্ত সূত্র পরিস্থিতিতে রাষ্ট্রপতির সফরের জন্য উপযুক্ত নিরাপত্তা বিধান নিশ্চিত নয় বিধায় শেষ পর্যন্ত এ সফর বাতিল করা হয়েছে।

এদিকে ক্যাম্পাসের পরিবেশ শান্ত

বাকুবি পরিস্থিতির কারণে

● প্রথম পাতার পর

প্রশাসন বিভিআর প্রত্যাহার করে নিয়ে সেখানে এখন অতিরিক্ত পুলিশ মোতায়েন রেখেছে। এদিকে গত শুক্রবার জেলার আইনশৃঙ্খলা কমিটির সভায় জেলার দায়িত্বপ্রাপ্ত জ্বালানি ও বনিজসম্পদ প্রতিমন্ত্রী এ কে এম মোশাররফ হোসেনের উপস্থিতিতে বাকুবির নাম পরিবর্তন সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত এবং তৎপরবর্তী অনাকাঙ্ক্ষিত ঘটনা নিয়ে বিরোধীদলীয় স্থানীয় সংসদ সদস্যরা ব্যাপক ক্ষোভ প্রকাশ করেছেন। বিগত আইনশৃঙ্খলা কমিটির সভায় প্রতিমন্ত্রী মোশাররফ হোসেনের সাংসদের উদ্দেশে আপত্তিকর বক্তব্য প্রদান করার জের হিসেবে জেলার স্থানীয় সরকারদলীয় তিনজন সংসদ সদস্য গতকালের প্রতিমন্ত্রীর এই সভা বয়কট করেছেন। বয়কট করা সংসদ সদস্যরা হলেন দেলোয়ার হোসেন খান, খুররম খান চৌধুরী ও শাহ নুরুল কবির শাহিন।

অপরদিকে জ্বালানি ও বনিজসম্পদ প্রতিমন্ত্রী সভা শেষে ভোয়ের কাগজকে বলেন, বাকুবির নাম পরিবর্তন করা হয়নি। তথ্য বিবরণীতে ভুল তথ্য পরিবেশিত হওয়ার কারণে এই দুঃখজনক ঘটনার অবতারণা হয়েছে। তিনি মন্ত্রিপরিষদের সভায় বাকুবির নাম পরিবর্তনের কোনো সিদ্ধান্ত হয়নি উল্লেখ করে বলেন, একমাত্র সংসদ ছাড়া বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন করা সম্ভব নয়।

এ ছাড়া ঐ দিন সন্ধ্যায় জেলা নাগরিক আন্দোলন ও উন্নয়ন সংগ্রাম পরিষদ স্থানীয় প্রেসক্লাবে বাকুবির নাম পরিবর্তনের সরকারি সিদ্ধান্তের প্রতিবাদে এবং পুলিশ হামলার প্রতিবাদে এক সংবাদ সম্মেলন করেছে।

এদিকে গত ১৪-১৫ জানুয়ারির সহিংস বিক্ষোভ-ভাঙচুর ও রেললাইন উৎপাতনের ঘটনায় অজ্ঞাত ও হাজার জনকে আসামি করে পুলিশ বাদী হয়ে মামলা করেছে। ইতিমধ্যেই এ মামলায় বহিরাগত ৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ ঘটনায় বাকুবি ক্যাম্পাসে আবার উত্তেজনা ছড়িয়ে পড়েছে।